গাংনীতে পাখিভ্যান উল্টে মুরগী ব্যবসায়ী নিহত

মেহেরপুরের গাংনীতে শ্যালো ইঞ্জিনচালিত পাখিভ্যান উল্টে ইব্রাহিম জোয়ার্দার (৫০) নামের এক মুরগী ব্যবসায়ী নিহত হয়েছেন। এসময় তার ছেলে ইসরাফিল হোসেন (২০) আহত হয়।

শুক্রবার ভোর সাড়ে ৫টার দিকে উপজেলার আড়পাড়া-কড়ুইগাছি সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইব্রাহিম গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রামের মৃত ইসমাইল জোয়ার্দারের ছেলে।

স্থানীয় মুরগী ব্যবসায়ী নাজিম হোসেন জানান,শুক্রবার ভোরে ইব্রাহিম জোয়ার্দার ও তার ছেলে নিজেস্ব পাখিভ্যানযোগে নিজ গ্রাম থেকে আড়পাড়া গ্রাম হয়ে কড়ুইগাছি গ্রামের দিকে মুরগী কেনার জন্য যাচ্ছিলেন। ভ্যান চালাচ্ছিল তার ছেলে ইসরাফিল। আমিও পাশাপাশি আরেকটা (বিকল্প) রাস্তা দিয়ে মুরগী কেনার জন্য একই স্থানে যাচ্ছিলাম। ইব্রাহিম ও তার ছেলে গাড়ি নিয়ে অত্যন্ত দ্রুত যাচ্ছিলেন। তারা বড় বামন্দী গ্রামের কাছাকাছি পৌঁছালে নিয়ন্ত্রণ হারালে গাড়ীত উল্টে রাস্তার পাশে পড়ে। এসময় ইব্রাহিম ঘটনাস্থলেই নিহত হয়। আহত হয় তার ছেলে ইসরাফিল।